

আমাদের সময়

শনিবার

৪ মে ২০২৪ ॥ ২১ বৈশাখ ১৪৩১

টিএইচই এশিয়া র্যাংকিং দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর শীর্ষে এনএসইউ

টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) এশিয়া ইউনিভার্সিটি র্যাংকিং ২০২৪-এ নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান অর্জন করেছে। তালিকার ৩৫১-৪০০ ব্যান্ডে অবস্থানে আছে বিশ্ববিদ্যালয়টি। সম্প্রতি প্রকাশিত ২০২৪ সালের র্যাংকিংয়ে ৩১টি অঞ্চলের ৭৩৯টি বিশ্ববিদ্যালয় রয়েছে। টানা দ্বিতীয়বারের মতো এ তালিকায় স্থান পেয়েছে এনএসইউ। ফল নিয়ে সন্তোষ প্রকাশ করে এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে ধন্যবাদ জানান। বিজ্ঞপ্তি

